NOV. 15 2001

তারিখ ... পৃষ্ঠা ..২.. কলাম ..৮....

দৈনিক ইনকিলাব

# সাবেক ভিসির আমলের আর্থিক অনিয়মের তদন্ত করা হবে
## –ঢাবি'র ভিসি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী বলেছেন, সাবেক ভিসির আমলে শিক্ষক কর্মকর্তা নিয়োগ ও পদোন্নতিতে দলীয়করণ এবং আর্থিক অনিয়মের সুনির্দিষ্ট অভিযোগ তদন্ত করা হবে। তিনি গতকাল (বুধবার) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে এ কথা বলেন। ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাস ও দুর্নীতি নির্মূল করাই তার প্রধান ও প্রথম কাজ। এজন্য প্রয়োজনীয় সকল কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে। সেশন জট দূর করে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সকল প্রচেষ্টা চালানো হবে। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হৃত গৌরব পুনরুদ্ধার করতে বদ্ধপরিক। পরিবেশ পরিষদের সভা ডেকে সহাবস্থানের পরিবেশ নিশ্চিত করবেন এবং সুষ্ঠু পরিবেশ সৃষ্টি হলেই ডাকসু ও হল সংসদ নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করবেন।

সাংবাদিক সম্মেলনে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত প্রক্টর ডঃ নজরুল ইসলাম, রেজিস্ট্রার মুহাম্মদ সেলিম, প্রফেসর মোসলেহউদ্দিন তারেক। ভিসি ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী সাংবাদিকদের উদ্দেশে বলেন, তিনি প্রতিজ্ঞা করেছেন সন্ত্রাস নির্মূল করবেন। এজন্য সকল কঠোর প্রদক্ষেপ গ্রহণ করবো। ঢাকা বিশ্ববিদ্যালয়ে

কোন সন্ত্রাসী ও অস্ত্র থাকবে না। বই আর অস্ত্র একসাথে থাকতে পারে না। তিনি গত মঙ্গলবার জগন্নাথ ও জহুরুল হক হলের ঘটনা প্রসঙ্গে বলেন, হল দখলের ব্যাপারে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। সন্ত্রাস ও হল দখলের রাজনীতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গৌরব ও ঐতিহ্যকে ম্লান করে দিয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য ছিল জ্ঞান চর্চা ও জ্ঞান আহরণের ঐতিহ্য।

সহাবস্থানের ব্যাপারে নতুন ভিসি বলেন, প্রত্যেক ছাত্রই হলে থাকবে। প্রয়োজনে তিনি রাজনীতিবিদদের কাছে যাবেন। বৈধ ছাত্রদের তালিকা করে তাদের হলে থাকার ব্যবস্থা করব। গত মঙ্গলবার ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে সংঘটিত সংঘর্ষ প্রসঙ্গে তিনি বলেন, বন্দুকযুদ্ধে যারা জড়িত ছিল এবং যাদের ছবি পত্রিকায় প্রকাশিত হয়েছে তাদের শনাক্ত করে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হবে। তিনি অস্ত্রধারী সন্ত্রাসীদের গ্রেফতার করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি আহ্বান জানান।